আর্থিক লিপি

কলকাতা, মঙ্গলবার, ১৮ আগস্ট ২০২০

*Kolkata·Tuesday·August 18, 2020*
*Arthik Lipi, Page 9*

# 'পিএম কেয়ার্স'-এর তথ্য দিতে অস্বীকার

নয়াদিল্লি, ১৭ আগস্ট: করোনার মোকাবিলায় তৈরি 'পিএম কেয়ার্স' ফান্ড নিয়ে বিরোধীদের একাধিক অভিযোগ ছিলই। তার মধ্যেই এই তহবিল সংক্রান্ত তথ্য দিতে অস্বীকার করল প্রধানমন্ত্রীর দফতর (পিএমও)। তথ্য জানার অধিকার আইনে(আরটিআই) পিএম কেয়ার্স সম্পর্কিত তথ্য চাইলে আবেদনকারীকে আরটিআই আইনের নির্দিষ্ট ধারা উল্লেখ করে জানানো হয়, পিএমও-তে এই সংক্রান্ত সব তথ্য নেই। তাই তথ্য দেওয়া সম্ভব নয়। যদিও বিশেষজ্ঞদের মতে, এটা 'আইনের অপব্যবহার'। দেশে যে কোনও বিপর্যয়ের মোকাবিলা করার জন্য প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল রয়েছে। কিন্তু করোনাভাইরাস ও লকডাউনের মোকাবিলায় তৈরি করা হয়েছিল 'পিএম কেয়ার্স' নামে আলাদা একটি তহবিল। সেই তহবিলে যে কেউ দান করতে পারেন। প্রধানমন্ত্রী ত্রাণ তহবিল থাকতেও আলাদা করে কেন 'পিএম কেয়ার্স' তহবিল তৈরি করতে হল, তা নিয়ে শুরুর সময়েই প্রশ্ন তুলেছিলেন বিরোধীরা। পরবর্তীকালে ওই তহবিলে কে কত টাকা দান করেছেন, সেই টাকা কোন খাতে কত খরচ হয়েছে, তার হিসাব প্রকাশ্যে আনার দাবিও জানিয়েছে কংগ্রেস, তৃণমূল-সহ বিরোধী দলগুলি। কিন্তু তাতে কর্ণপাত করেনি শাসক দল। অন্য দিকে এই পিএম কেয়ার্স সম্পর্কে তথ্য জানতে বহু আবেদন জমা পড়ে পিএমও-তে। তেমনই একটি আবেদন জানিয়েছিলেন লোকেশ বাত্রা নামে এক অবসরপ্রাপ্ত নৌবাহিনীর অফিসার। ২০২০ সালের এপ্রিল মাস পর্যন্ত পিএমও-তে প্রতি মাসে কত আবেদন জমা পড়েছে, সে বিষয়ে জানতে চান তিনি। আবেদনের মধ্যে কতগুলি পিএম কেয়ার্স এবং কতগুলি প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল সম্পর্কিত সে বিষয়েও জানতে চেয়েছিলেন লোকেশ বাত্রা। কিন্তু বাকি সব তথ্য দিলেও পিএম কেয়ার্স এবং প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল সম্পর্কিত তথ্য দেওয়া হয়নি। প্রধানমন্ত্রীর দফতর থেকে ওই আবেদনের জবাবে বলা হয়েছে, "আপনি যে তথ্য জানতে চেয়েছেন, তা এই অফিসে এক জায়গায় গচ্ছিত নেই। সেই তথ্য সংগ্রহ করা এবং এক জায়গায় করা এই অফিসের এক্তিয়ার বহির্ভূত। সেটা করা অফিসের স্বাভাবিক কাজকর্মের পক্ষে সঠিক হবে না।" আরটিআই আইনের ৭(৯) নম্বর ধারার কথাও উল্লেখ করা হয় ওই আবেদনের জবাবে। যদিও বিশেষজ্ঞরা মনে করছেন, এটা শুধুমাত্র তথ্য না দেওয়ার অজুহাত। তথ্য কমিশনের প্রথম কমিশনার ওয়াজাহাত হাবিবুল্লাহ্ বলেন, "এর মধ্যে কোনও অস্পষ্টতা নেই। এটা আইনের ওই ধারার অপব্যবহার।" তিনি আরও যোগ করেন, "আমার সময়ে এটা (তথ্য জানার অধিকার আইন) ছিল প্রাথমিক পর্যায়ে, যখন সাধারণ মানুষ এ সম্পর্কে অনেক কিছুই জানতেন না। তবে এখন সেই আইন প্রতিষ্ঠিত। এখন এই ধরনের অজুহাত খাটে না।"


## কনসিকিউটিভ ইনভেস্টমেন্টস অ্যান্ড ট্রেডিং কোম্পানি লিমিটেড

CIN:L67120WB1982PLC035452
রেজিস্টার্ড অফিস: ২৩, গণেশ চন্দ্র অ্যাভিনিউ, চতুর্থ তল, কলকাতা-৭০০০১৩
Email:tricon014@gmail.com
Ph No:-033 22114457 Fax:-22114457

### বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, ক্ষেত্রীয় রেগুলেশন ২৯ এর সঙ্গে পঠনীয় রেগুলেশন ৪৭ অফ সেবি (ক্ষেত্রীয় দায় ও ব্যাখ্যামূলক বিবরণী) ২০১৫ অনুসারে বিজ্ঞাপিত করা হচ্ছে যে, ৩০ জুন, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের একক ও একত্রিত আর্থিক ফলাফলের বিবরণী আলোচনা ও অনুমোদনের জন্য ২৫ আগস্ট, ২০২০ তারিখে দুপুর ১২টায় পরিচালকমণ্ডলীর সভা অনুষ্ঠিত হবে। উক্ত বিজ্ঞপ্তি পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট www.consecutiveinvestments.com এ।

বোর্ডের আদেশানুসারে
স্বা/-
নবীন কুমার সামন্ত
কোম্পানি সেক্রেটারি

স্থান: কলকাতা
তারিখ: ১৭.০৮.২০২০



## বেঙ্গল টি অ্যান্ড ফেব্রিকস লিমিটেড

CIN:L51909WB1983PLC036542
রেজি অফিস: 'সেঞ্চুরি টাওয়ারস, ৪৫ শেক্সপিয়র সরণী, পঞ্চম তল, কলকাতা-৭০০০১৭
টেলিফ্যাক্স:৯১-৩৩ ২২৮৩ ৬৪১৬/১৭, E-mail : investor@bengaltea.com.
Website:www.bengaltea.com

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, বেঙ্গল টি অ্যান্ড ফেব্রিকস লিমিটেডের ৩৭ তম বার্ষিক সাধারণ সভা ১৫ সেপ্টেম্বর ২০২০ তারিখে সকাল ১১টায় ভিডিও কনফারেন্সিং (ভিসি)/অন্যান্য অডিও ভিজ্যুয়াল মেথড (ওএভিএম) মাধ্যমে অনুষ্ঠিত হবে।

কোভিড-১৯ মহামারী চলার কারণে বাণিজ্য মন্ত্রক (এমসিএ) সার্কুলার ৫ মে, ২০২০ এর সঙ্গে পঠনীয় সার্কুলার ৮ এপ্রিল, ২০২০ এবং ১৩ এপ্রিল ২০২০ (যথাক্রমে এমসিএ সার্কুলার অনুসারে) এর সঙ্গে পঠনীয় সেবির সার্কুলার তারিখ ১২ মে, ২০২০ অনুসারে বার্ষিক সাধারণ ভিসি/ওএভিএম মেথডে অনুষ্ঠিত হবে সূচি অনুসারে। ২০১৩ সালের কোম্পানি আইনের সংস্থান অনুসারে, সেবি (ক্ষেত্রীয় দায় ও ব্যাখ্যা মূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ (ক্ষেত্রীয় রেগুলেশন) এবং এমসিএ সার্কুলার, বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে।

বার্ষিক সাধারণ সভায় বিজ্ঞপ্তি, ২০১৯-২০ প্রতিবেদন সদস্যদের ই-মেলের মাধ্যমে পাঠানো হয়েছে যা কোম্পানির শেয়ার ট্রান্সফার এজেন্ট (আরটিএ) অর্থাৎ সেবির ম্যানেজমেন্ট সার্ভিসেস লিমিটেডের নিকট রয়েছে।

২০১৩ সালের কোম্পানি আইনের ৯১ ধারা অনুসারে শেয়ার ট্রান্সফার বুক এবং রেজিস্টার অফ মেম্বার বন্ধ থাকবে ৯ সেপ্টেম্বর, ২০২০ তারিখ থেকে ১৫ সেপ্টেম্বর, ২০২০ পর্যন্ত (উভয় দিন সহ)।

সদস্যদের অনুরোধ করা হচ্ছে যে, সংবাদপত্রে ১০ আগস্ট, ২০২০ তারিখে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে কোম্পানির তরফ থেকে যা ১১ আগস্ট, ২০২০ তারিখে ফিনান্সিয়াল এক্সপ্রেস এবং একদিন পত্রিকায় ইতিমধ্যেই প্রকাশিত হয়েছে। উক্ত বিজ্ঞাপনের বিবরণী পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট www.bengaltea.com এবং স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট বিএসই লিমিটেডের www.bseindia.com.

২০১৩ সালের কোম্পানি আইনের ১০৮ ধারা অনুসারে এর সঙ্গে পঠনীয় সংশ্লিষ্ট রুলস অনুসারে সদস্যদের ই-ভোটিংয়ের সুবিধা প্রদান করা হয়েছে যার বিজ্ঞপ্তি ৩৭ তম বার্ষিক সাধারণ সভার সেন্ট্রাল ডিপোজিটারি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড (সিডিএসএল-এর মাধ্যমে) ব্যবসায়িক বিজ্ঞপ্তি কোম্পানির তরফ থেকে পাঠানো হয়েছে রিমোর্ট ই-ভোটিং ব্যবস্থা পাওয়া হয়েছে ডিমেটেরালাইজড ফর্মে। এক্ষেত্রে কাট অফ তারিখ নির্ধারিত হয়েছে ৮ সেপ্টেম্বর, ২০২০ (দিনের শেষ পর্যন্ত)। সদস্যরা ইলেকট্রনিক মেথডে ই-ভোটিং ব্যবস্থার মাধ্যমে ভোট দিতে পারবেন।

রিমোট ই-ভোটিং শুরু হবে শনিবার ১২ সেপ্টেম্বর, ২০২০ তারিখে সকাল ৯টায় এবং শেষ হবে ১৫ সেপ্টেম্বর, ২০২০ তারিখে বিকেল ৫টায়। এই সময়ের পরে রিমোর্ট ই-ভোটিং আর প্রদর্শিত হবে না।



## এমপিএস স্টিল অ্যান্ড পাওয়ার লিমিটেড

MSP GROUP

CIN:L27109WB1968PLC027399
রেজি অফিস: ১ ক্রুকড লেন, কলকাতা-৭০০০৬৯
Phone No.: 033-4005 7777
Fax No:-033 4005 7799
Email:investor.contact@mspsteel.com
Website:www.mspsteel.com

### বিজ্ঞপ্তি

ক্ষেত্রীয় রেগুলেশন ২৯ এর সঙ্গে পঠনীয় রেগুলেশন ৪৭ অফ সেবি (ক্ষেত্রীয় দায় ও ব্যাখ্যামূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ অনুসারে এমএসপি স্টিল অ্যান্ড পাওয়ার লিমিটেডের পরিচালকবর্গের সভা শনিবার ২২ আগস্ট, ২০২০ তারিখে দুপুর ২টোয় কোম্পানির বাণিজ্যিক অফিসে অনুষ্ঠিত উক্ত সভায় ৩০ জুন, ২০২০ তারিখে সমাপ্ত প্রথম ত্রৈমাসিকের একক ও একত্রিত ফলাফলের বিবরণী নিয়ে আলোচনা হবে।

উক্ত বিজ্ঞপ্তি আপলোড করা হয়েছে কোম্পানির ইনভেস্টর রিলেশন সেকশন www.mspsteel.com এবং বোম্বে স্টক এক্সচেঞ্জ লিমিটেড (বিএসই) এবং ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড (এনএসই)।

বোর্ডের আদেশানুসারে
এমএসপি স্টিল অ্যান্ড পাওয়ার লিমিটেড
স্বা/-
শ্রেয়া কর
কোম্পানি সেক্রেটারি

তারিখ: ১৬.০৮.২০২০
স্থান: কলকাতা



## এইচজিআই ইন্ডাস্ট্রিজ লিমিটেড

রেজি অফিস: 'ইন্ডাস্ট্রি হাউস', উনিশ তম তল, ১০, ক্যামাক স্ট্রিট, কলকাতা-৭০০০১৭
CIN:L40200WB1944PLC011754; Phone:033-44555500
E-mail : hgiho@adityabirla.com. Website:www.hgiil.com

### ৭৬ তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, কোম্পানির ৭৬ তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) অনুষ্ঠিত হবে বুধবার, ২৩ সেপ্টেম্বর, ২০২০ তারিখে সকাল ১১.৩০ মিনিটে ভিডিও কনফারেন্সিং (ভিসি)/অন্যান্য অডিও ভিজ্যুয়াল মেথড (ওএভিএম) ব্যবস্থার মাধ্যমে।

বার্ষির সাধারণ সভার বৈঠক ২০১৩ সালের কোম্পানি আইনের এবং রুলস অনুসারে (আইন) এর সংস্থান সিকিউরিটিজ এবং এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (সেবি) ক্ষেত্রীয় দায় এবং ব্যাখ্যামূলক বিবরণী রেগুলেশন. ২০১৫ (ক্ষেত্রীয় রেগুলেশন) এবং সাধারণ সার্কুলার নম্বর ২০/২০০২